আজকের কাগজ

তারিখ 19 APR 1996
পৃষ্ঠা ৮ কলাম ৪

# প্রবেশপত্র না আসায় নলছিটিতে মাদ্রাসার অধ্যক্ষ বরখাস্ত

ঝালকাঠির নলছিটি থানার হাড়িখাল দারুল উলুম সিনিয়র মাদ্রাসার ৮ জন ছাত্রের প্রবেশপত্র না আসায় উক্ত মাদ্রাসার অধ্যক্ষ ও করনিককে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে। জানা গেছে হাড়িখালি দারুল উলুম সিনিয়র মাদ্রাসার ৮ জন ছাত্র মোটা অংকের ফি দিয়ে যথা নিয়মে দাখিল পরীক্ষার ফরম পূরণ করে গত ৭ এপ্রিল আমুয়া পরীক্ষা কেন্দ্রে গিয়ে জানতে পারে তাদের প্রবেশ পত্র আসেনি। ছাত্ররা পরীক্ষা না দিতে পেরে ফিরে এসে মাদ্রাসার অধ্যক্ষকে খুঁজে না পেয়ে মাদ্রাসায় তালা লাগিয়ে দেয়। গত ৯ এপ্রিল মাদ্রাসার পরিচালনা পরিষদের জরুরি সভায় উক্ত মাদ্রাসার অধ্যক্ষ মাওলানা মুজাহিদুল হক ও প্রধান করণিক মোঃ আবু বক্কর খানকে সাময়িকভাবে বরখাস্ত করা হয়। নলছিটি থেকে ভোলানাথ দাস।